


বইমেলা হোক সারা বছর

মিলন সরকার

বই মানুষের স্তম্ভজ্ঞানকে
জাগিয়ে তোলে। মানুষের
অন্তরকে বিকশিত করে।
একমাত্র বই-ই পারে
মানুষকে অন্ধকার থেকে
আলোতে, অসৎ পথ
থেকে সৎ পথে ফিরিয়ে
আনতে। একটা বিষয়
লক্ষণীয় যে, যাদের মধ্যে



বই পড়ার প্রবণতা বেশি, তাদের মধ্যে অপরাধের প্রবণতাও কম।
এমনকী তারা কাউকে অহেতুক কটুকথা, নিন্দামন্দও করেন না।
বইয়ের সঞ্চিত জ্ঞানই মানুষকে অপরাধ-কর্ম থেকে বিরত রাখে। আজ
যে সামাজিক অবক্ষয়, আমাদের সমাজকে কুরে কুরে খাচ্ছে, তার জন্য
মূলত বই না পড়ার প্রবণতাই দায়ী। দেশের সব মানুষ যদি বই পড়ত,
তাহলে আমরা এতটা পিছিয়ে পড়তাম না। আমাদের দেশে এত
নারামারি, হানাহানি, হুম্ব-সংঘাত, হিংসা-বিদ্বেষ থাকত না। আর
তাই বইয়ের সঙ্গে মানুষের সম্পর্ক আরো বাড়িয়ে তুলতে কিংবা
মানুষের মধ্যে বই পড়ার প্রবণতা জাগিয়ে তুলতে বেশি বেশি বইমেলা
আয়োজন করা উচিত। বইমেলা থেকেই মানুষ বেশি বই কেনে ও বই
পড়ার প্রতি উৎসাহ পায়। বইমেলায় না গেলে বোঝা যায় না সকলের
কাছে বই কতটা গুরুত্বপূর্ণ, কতটা আকর্ষণীয়, কতটা আনন্দের বস্তু।
বইমেলাই এ আনন্দটা আরো বাড়িয়ে দেয়। একজন বইপ্রেমী বই কিনে
বা উপহার পেয়ে যতটা খুশি হয় আর কোনো কিছুতে সে ততটা খুশি
হয় না।

কিন্তু অভ্যস্ত দুঃখের বিষয়: আমাদের দেশে জাতীয়ভাবে
সরকারি পৃষ্ঠপোষকতায় বছরে শুধু একবারই বইমেলায় আয়োজন
করা হয়। জাষার মাস ফেব্রুয়ারি মাসে। বইয়ের প্রতি মানুষের
আগ্রহ বাড়িয়ে তুলতে, মানুষকে বইনুতী করতে বছরে শুধু একবার
বইমেলাই যথেষ্ট নয়। এজন্য চাই ফেব্রুয়ারি মাসের মতোই প্রতিটি
জাতীয় দিবসে জেলায় জেলায়, থানায় থানায় অন্ততপক্ষে
সপ্তাহব্যাপী বইমেলায় আয়োজন।

ঢাকা